গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,কুড়িগ্রাম।
(রাজস্ব শাখা)
www.dckurigram.gov.bd.

বিষয়ঃ আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) বাস্তবায়ন সম্পর্কিত জেলা টাস্কফোর্স সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ জনাব এ বি এম আজাদ
জেলা প্রশাসক
কুড়িগ্রাম।

সভার তারিখ ঃ ১৫/০৫/২০১৩ খ্রিঃ।
সময় ঃ ১১.৪০ ঘটিকা।
মাস ঃ মে, ২০১৩ খ্রিঃ
সভার স্থান ঃ জেলা প্রশাসক, কুড়িগ্রাম এঁর সভাকক্ষ।

সভায় উপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "ক"
অনুপস্থিত সদস্যগণের নামের তালিকা পরিশিষ্ট "খ"

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে গত ১৬/০৪/২০১৩ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী অতিরিক্ত জেলা প্রশাসক(রাজস্ব), কুড়িগ্রাম পাঠ করেন এবং কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে গৃহীত হয়। অতঃপর আলোচ্য সূচী অনুযায়ী নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য সূচী-০১ ঃ আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২)বাস্তবায়ন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১।রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান আশ্রয়ণ প্রকল্প(ফেইজ-২) এর আওতায় এ জেলায় ১৬টি আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়ন করা হয়। এতে ১৬৩টি ব্যারাক হাউজে ১৬৩০টি পরিবারকে পুনর্বাসন করা হয়। আলোচনান্তে সভাপতি ব্যারাক হাউজ ছেড়ে যদি কোন পরিবার চলে গিয়ে থাকে ঐ পরিবারের বরাদ্দ বাতিল করে নতুন পরিবার পুনর্বাসন করার জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ প্রদান করেন। | ১। ব্যারাক হাউজ ছেড়ে যদি কোন পরিবার চলে গিয়ে থাকে তাহলে ঐ পরিবারের বরাদ্দ বাতিল করে নতুন পরিবার পুনর্বাসন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

চলমান-২

| | | |
|---|---|---|
| ২। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জনান আশ্রয়ণ প্রকল্প(ফেইজ-২) এর আওতায় এ জেলায় ৮টি আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত মাটির কাজের জন্য প্রাপ্ত বরাদ্দকৃত গম উপজেলা নির্বাহী অফিসারগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হয়েছে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারগণ জানান মাটির কাজ প্রায় সম্পন্ন হয়েছে। আলোচনান্তে সভাপতি মাটির কাজ দ্রুত সম্পন্ন করে প্রতিবেদন এ অফিসে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসারগণকে পরামর্শ প্রদান করেন। | ২। মাটির কাজ দ্রুত সম্পন্ন করে প্রতিবেদন এ অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)। |

আলোচ্য সূচী- ০২ ঃ আশ্রয়ণ প্রকল্পে (ফেইজ-২) পুনর্বাসিত পরিবারের মধ্যে ঋণ বিতরণ ও আদায়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২) এর আওতায় এ জেলায় আশ্রয়ণ প্রকল্পসমূহে জেলা সমবায় অফিস হতে ৭৪,৪৪,০০০/- টাকা পুনর্বাসিত পরিবারের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে। এপ্রিল , ২০১৩ মাস পর্যন্ত ৩০,৯১,৪২৩/- টাকা আদায় হয়েছে। জেলা সমবায় কর্মকর্তা জানান ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। আলোচনান্তে সভাপতি ঋণ আদায় জোরদার করার জন্য জেলা সমবায় কর্মকর্তা, কুড়িগ্রামকে অনুরোধ জানান। | ১। ঋণ আদায় জোরদার করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। জেলা সমবায় কর্মকর্তা, কুড়িগ্রাম। |

চলমান-৩

আলোচ্যসূচী-০৩ ঃ আশ্রয়ণ প্রকল্পে (ফেইজ-১) পুনর্বাসিত পরিবারের মধ্যে ঋণ বিতরণ ও আদায়।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান আশ্রয়ণ প্রকল্প(ফেইজ-১) এর আওতায় এ জেলায় ১৩টি আশ্রয়ণ প্রকল্প বাস্তবায়ন করা হয়। এতে ৫৭টি ব্যারাক হাউজে ৫৭০টি পরিবারকে পুনর্বাসন করা হয়। আশ্রয়ণ প্রকল্পসমূহে জেলা সমবায় / সমাজসেবা অফিস হতে ৪১,১১,০০০/- টাকা পুনর্বাসিত পরিবারের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে। এপ্রিল , ২০১৩ মাস পর্যন্ত ১৯,৮৩,৪২৫/- টাকা আদায় হয়েছে। উপ-পরিচালক, সমাজসেবা এবং জেলা সমবায় কর্মকর্তা জানান ঋণ আদায় কার্যক্রম অব্যাহত রয়েছে। আলোচনান্তে সভাপতি ঋণ আদায় জোরদার করার জন্য উপ-পরিচালক, সমাজসেবা এবং জেলা সমবায় কর্মকর্তা, কুড়িগ্রামকে অনুরোধ জানান। | ১। ঋণ আদায় জোরদার করার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপ-পরিচালক, সমাজসেবা /জেলা সমবায় কর্মকর্তা, কুড়িগ্রাম। |

আলোচ্যসূচী-০৪ ঃ গুচ্ছগ্রাম প্রকল্প-২ বাস্তবায়ন।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান এ জেলায় ৬টি গুচ্ছগ্রাম প্রকল্প বাস্তবায়ন করা হয়। এতে ২৫০টি পরিবারকে পুনর্বাসন করা হয়। ৪টি প্রকল্পে মাটির কাজ সম্পন্ন হয়েছে। গৃহ নির্মাণের বরাদ্দ পাওয়া যায়নি। নাগেশ্বরী উপজেলাধীন কুলামুয়া কালারচর গুচ্ছগ্রাম প্রকল্পে ১টি | ১। নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করে ভাউচারাদি সমন্বয়ের নিমিত্ত এ অফিসে প্রেরণের সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী, কুড়িগ্রাম। |

| | | |
|---|---|---|
| মাল্টিপারপাস হল নির্মাণের জন্য ৭,১৮,৩০০/-টাকা বরাদ্দ পাওয়া যায়। বরাদ্দকৃত অর্থের চেক উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরীকে প্রদান করা হয়েছে। উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী জানান মাল্টিপারপাস হল নির্মাণ কাজ ইতোমধ্যে ৮০% সম্পন্ন হয়েছে। আলোচনান্তে সভাপতি নির্মাণ কাজ দ্রুত সম্পন্ন করে ভাউচারাদি সমন্বয়ের নিমিত্ত এ অফিসে প্রেরণের জন্য উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরীকে অনুরোধ জানান। | | |

আলোচ্যসূচী-০৫ ঃ গুচ্ছগ্রাম প্রকল্প-২ এ পুনর্বাসিত পরিবারের মধ্যে ঋণ বিতরণ ও আদায় ।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম জানান গুচ্ছগ্রাম প্রকল্প-২ এর আওতায় গুচ্ছগ্রাম প্রকল্পে বি আর ডি বি, কুড়িগ্রাম কর্তৃক ২,১৪,০০০/- টাকা পুনর্বাসিত পরিবারের মধ্যে ঋণ বিতরণ করা হয়েছে। এপ্রিল , ২০১৩ মাস পর্যন্ত ১,৮০,০০০/- টাকা আদায় হয়েছে। উপ-পরিচালক, বিআরডিবি, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় এ বিষয়ে বিস্তারিত তথ্য জানা গেল না। আলোচনান্তে সভাপতি আগামী মাসের সভায় তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য উপ-পরিচালক, বিআরডিবি, কুড়িগ্রাম কে অনুরোধ জানান। | ১। আগামী মাসের সভায় তথ্যাদিসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপ-পরিচালক, বিআরডিবি, কুড়িগ্রাম । |

চলমান-৫

আলোচ্যসূচী-০৬ ঃ আশ্রয়ণ/গুচ্ছগ্রাম প্রকল্পসমূহে শিক্ষা ও পরিবার পরিকল্পনা বিষয়ে অগ্রগতি।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, কুড়িগ্রাম সভায় উপস্থিত না থাকায় আশ্রয়ণ/ গুচ্ছগ্রাম প্রকল্পসমূহে পরিবার পরিকল্পনা ও শিক্ষা কার্যক্রম সম্পর্কে জানা গেল না। আলোচনান্তে সভাপতি সংশ্লিষ্ট কর্মকর্তা সভায় উপস্থিত না থাকায় অসন্তোষ প্রকাশ করেন। আগামী মাসের সভায় প্রয়োজনীয় তথ্যাদিসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ জানান। | ১। আগামী মাসের সভায় তথ্যাদিসহ উপস্থিত থাকার সিদ্ধান্ত গৃহিত হয়। | ১। উপ-পরিচালক, পরিবার পরিকল্পনা এবং জেলা প্রাথমিক শিক্ষা অফিসার,কুড়িগ্রাম । |

অতঃপর আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

স্বাক্ষরিত/-
(এ বি এম আজাদ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
আশ্রয়ণ প্রকল্প (ফেইজ-২)বাস্তবায়ন সম্পর্কিত জেলা টাস্কফোর্স।